সে এমন ব্যক্তি যার উভয় কানে অথবা তিনি বললেন, তার কানে শয়তান পেশাব করেছে।

ইবন মাস‘ঊদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের নিকট এমন এক ব্যক্তির সম্পর্কে উল্লেখ করা হলো যে সারা রাত এমনকি ভোর পর্যন্ত
ঘুমিয়ে ছিলো। তখন তিনি বললেন, “সে এমন ব্যক্তি যার উভয় কানে অথবা তিনি বললেন, তার
কানে শয়তান পেশাব করেছে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীসের অর্থ: ইবন মাস‘ঊদ রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের নিকট এক ব্যক্তির সম্পর্কে উল্লেখ করা হলো যে সারারাত এমনকি ভোর পর্যন্ত ঘুমিয়ে ছিলো। অর্থাৎ সে রাতে অনবরত ঘুমিয়ে ছিলো। তাহাজ্জুদের জন্য উঠেনি; এমনকি ফজর উদিত হলো। তখন তিনি বললেন, “সে এমন ব্যক্তি যার উভয় কানে শয়তান পেশাব করেছে।” উভয় কানে পেশাব করার অর্থ বাহ্যিক ও প্রকৃত অর্থে। কেননা হাদীস দ্বারা সাব্যস্ত যে, শয়তান পানাহার ও বিয়ে-শাদী করে। সুতরাং কানে পেশাব করতে তার কোনো বাঁধা নেই। সারারাত ঘুমন্ত ব্যক্তির জন্য এটি মূলত চূড়ান্ত অপমানজনক ও লজ্জাষ্কর ব্যাপার। শয়তান তাকে পায়খানা ঘর বানিয়েছে। যদিও চোখের দ্বারা ঘুমের কারণে চোখের কথা উল্লেখ করাই ছিল যুক্তিসঙ্গত; তথাপি কান নির্দিষ্টভাবে উল্লেখ করার কারণ হলো গভীর ঘুমের প্রতি ইঙ্গিত করা। কেননা শ্রবণ অঙ্গগুলো চেতনা ও অনুভূতি ফিরে পাওয়ার স্থান। আর পেশাব উল্লেখ করার কারণ হলো, ভিতরের শূণ্যস্থানে পেশাব প্রবেশ করা খুবই সহজ এবং শিরা-উপশিরায় তা দ্রুত ছড়িয়ে পড়ে। ফলে সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গে অলসতার সৃষ্টি হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/3714